

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নিবন্ধন অধিদপ্তর
১৪, আবদুল গনি রোড, ঢাকা।

স্মারক নং-১০.০৫.০০০০.০০৬.২৭.০০১.২৩/

তারিখঃ

বিষয়ঃ মাননীয় হাইকোর্ট বিভাগে ১৬৬৩/২০২২ নম্বর সিভিল রিভিশন মামলা বিচারাধীন থাকা অবস্থায় দলিল রেজিস্ট্রিকরণ বিষয়ে আইনগত মতামত প্রদান প্রসঙ্গে।

সূত্র : আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, আইন ও বিচার বিভাগ, বিচার শাখা-৫ এর স্মারক নং-১০.০০.০০০০.১২৯.০৪.১৩৬.২৩-৪৮, তারিখঃ- ২০/০৫/২০২৪ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকে প্রাপ্ত পত্রের আলোকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সুপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগে ১৬৬৩/২০২২ নম্বর সিভিল রিভিশন বিচারাধীন থাকাবস্থায় গোপালগঞ্জ জেলাধীন মুকসুদপুর উপজেলার ৬০ নং কমলাপুর মৌজার এস.এ ৮৬০, বি.আর.এস ৯১৫ নং খতিয়ানের দাগ নং এস.এ ১৭৮৬, ১৭৮৭, বি.এস.এস ২১৫৬ দাগের কোন সম্পত্তির হস্তান্তর দলিল রেজিস্ট্রি করা যাবে কিনা এই বিষয়ে মাননীয় আদালতের রায়ের আলোকে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, আইন ও বিচার বিভাগের মতামত শাখা প্রদান করেন যে, “নালিশী ভূমি সংক্রান্তে আদালতে মামলা চলমান থাকলে তা যেহেতু হস্তান্তরই করা যায় না সেহেতু ঐ সম্পত্তি সংক্রান্ত কোনো হস্তান্তর দলিল রেজিস্ট্রি করার সুযোগ নাই। বিবেচ্যক্ষেত্রে, নালিশী ভূমি সংক্রান্তে আদালতে মামলা চলমান থাকায় উক্ত সম্পত্তির হস্তান্তর দলিল রেজিস্ট্রেশন করার আইনগত সুযোগ নেই। তবে উক্ত সম্পত্তি ব্যতীত নালিশী দাগের অবশিষ্ট সম্পত্তি সংক্রান্তে হস্তান্তর দলিল রেজিস্ট্রি করতে আইনগত বাধা নেই”। উল্লিখিত মতামতের ভিত্তিতে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য বলা হ’ল।

স্বাঃ/-

(মোঃ আল মামুন)

মহা-পরিদর্শক, নিবন্ধন

বাংলাদেশ, ঢাকা।

জেলা রেজিস্ট্রার, গোপালগঞ্জ।

সংযুক্তি : আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়,
আইন ও বিচার বিভাগ এর মতামতের কপি : ০১ (এক) ফর্দ।

স্মারক নং-১০.০৫.০০০০.০০৬.২৭.০০১.২৩/ ৫২/১ (৫০)

তারিখঃ ২৬/০৫/২০২৪

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হ’ল

- ১। জেলা রেজিস্ট্রার,(সকল)। তাঁর অধীনস্থ সকলকে অবহিত করার জন্য বলা হ’ল।
২। অফিস কপি।

(মোঃ আল মামুন)
মহা-পরিদর্শক, নিবন্ধন
বাংলাদেশ, ঢাকা।